



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
'কৃষি ভবন'

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
(অর্থ বিভাগ)

স্মারক নম্বর-১২.০৬.০০০০.২৩১.১৮.০০১.২০- ৩৯

তারিখ: ২২/০৭/২০২৩

পরিপত্র:

বিষয়ঃ ২০২৩-২৪ অর্থ বছরের বেতন-ভাতাদি পরিশোধের জন্য এবং প্রকল্প বহির্ভূত দপ্তর সমূহের অনুকূলে আয়ন ও ব্যয়ন দপ্তর কর্তৃক অত্যাবশ্যিকীয় খাত সমূহের ব্যয় নির্বাহের অনুমোদন প্রদান।

ক। বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) এর অনুমোদিত জনবল কাঠামো অনুযায়ী কর্মরত জনবলের ২০২৩-২৪ অর্থ বছরের বেতন-ভাতাদি পরিশোধযোগ্য হবে।

খ। প্রকল্প বহির্ভূত দপ্তর সমূহের অনুকূলে সরকার হতে প্রাপ্ত বরাদ্দ আয়ন ও ব্যয়ন দপ্তর কর্তৃক নিম্নোক্ত অত্যাবশ্যিকীয় খাতসমূহের ব্যয় নির্বাহের অনুমোদন প্রদান করা হলো।

- ১। সম্মানী ভাতা (৩১১১৩৩২)।
- ২। পরিষ্কার পরিচ্ছন্নতা (৩২১১১০২) (সংস্থার নির্ধারিত হারে শুধু ব্যাডুদারদের মজুরী প্রদানের ক্ষেত্রে)।
- ৩। আপ্যায়ন খরচ (৩২১১১০৬) (জরুরী প্রয়োজনে বিগত অর্থ বছরের মাসিক ব্যয়ের গড় হারে)।
- ৪। বিদ্যুৎ বিল (৩২১১১৩) দাপ্তরিক।
- ৫। পানি বিল (৩২১১১১৫) দাপ্তরিক।
- ৬। টেলিফোন বিল (৩২১১১২০) (সংস্থার সর্বশেষ বিজ্ঞপ্তির আলোকে নির্ধারিত সিলিং অনুযায়ী (জুন, ২০২৩ মাসের বকেয়াসহ)।
- ৭। বইপত্র ও সাময়িকী (৩২১১১২৭) (দৈনিক খবরের কাগজের বিল জুন, ২০২৩ মাসের বকেয়াসহ)।
- ৮। পণ্যের ভাড়া ও পরিবহন ব্যয় (৩২২১১০৬)।
- ৯। ব্যাংক চার্জ (৩২২১১০৮) জুন, ২০২৩ মাসের বকেয়াসহ।
- ১০। গ্যাস ও জ্বালানী (৩২৪৩১০২) (অনুমোদিত সিলিং অনুযায়ী জুন, ২০২৩ মাসের বকেয়াসহ)।
- ১১। নিরাপত্তা সেবা সংগ্রহ (৩২৫৩১০৩) (চেয়ারম্যান মহোদয়ের অনুমোদন থাকা সাপেক্ষে সরকার নির্ধারিত হারে প্রদানযোগ্য)।
- ১২। অন্যান্য মনিহারী (৩২৫৫১০৫) (জরুরী প্রয়োজনে বিগত অর্থ বছরের মাসিক ব্যয়ের গড় হারে)।
- ১৩। ভূমি উন্নয়ন কর (৩৮২১১০২)।
- ১৪। পৌরকর (৩৮২১১০৩)।
- ১৫। গাড়ির ট্যাক্স, টোকেন ও ফিটনেস (সংস্থার নিজস্ব আয় থেকে)।

শর্তাবলী:

- ১। দৈনিক ভিত্তিক/ সাকুল্য বেতনে কোন জনবলের বেতন-ভাতাদি পরিশোধযোগ্য হবে না।
- ২। ০৩ এপ্রিল, ২০১৮ তারিখে বাজেট ব্যবস্থাপনা কমিটির বিশেষ সভার আলোচ্যসূচি- ২.৩ গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী সরকারি সাকুল্যের আলোকে কর্মকর্তা/কর্মচারীগণ আয়ুক্ত/ সংযুক্ত কর্মস্থলের হারে বাড়ি ভাড়া প্রাপ্ত হবেন এবং সংস্থার সাংগঠনিক কাঠামো অনুযায়ী মূলপদ হতে বেতন ভাতা গ্রহণ করবেন।
- ৩। উপর্যুক্ত খাতসমূহ ব্যতীত অন্য কোন খাতে খরচ করতে হলে সুনির্দিষ্ট প্রস্তাবের ভিত্তিতে অর্থ বিভাগের পূর্বানুমোদন সাপেক্ষে খরচ করা যাবে।
- ৪। ২০২৩-২৪ অর্থ বছরের বাজেট জারীর সাথে সাথে এই পরিপত্র বাতিল বলে গণ্য হবে।
- ৫। অর্থ ব্যয়ের ক্ষেত্রে সরকারি ও সংস্থার প্রচলিত আর্থিক বিধিবিধান যথাযথভাবে প্রতিপালন নিশ্চিত করতে হবে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

মো: কামরুল হাসান
মহাব্যবস্থাপক (অর্থ) চ: দা:
বিএডিসি, ঢাকা

সদয় অবগতির জন্য প্রেরিত হলো :-

- ১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
- ২। সদস্য-পরিচালক (অর্থ/সার ব্যবস্থাপনা/স্ক্রুদেসেচ/বীজ ও উদ্যান), মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।

কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :-

- ১। সকল বিভাগীয় প্রধান,-----বিএডিসি, ঢাকা (আপনার আওতাধীন দপ্তরসমূহকে অবহিত করার জন্য)।
- ২। সিনিয়র (বিল/ ব্য:দা:), বিএডিসি, ঢাকা।
- ৩। আইসিটি সেল, বিএডিসি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৪। অফিস কপি।